COVID-19 সংক্রমিত হয়েছে বলে সন্দেহ আছে এমন রোগীদের ব্যবস্থাপনার ধাপসমূহ

কারা এ সন্দেহজনক রোগী?

- রোগতাত্ত্বিক সংযোগ (গত ১৪ দিনের মধ্যে চীনে এবং অন্যান্য আক্রান্ত দেশে ভ্রমণের ইতিহাস আছে অথবা **COVID-19** আক্রান্ত রোগীর সংস্পর্শে এসেছে)
- সুপ্তিকাল (২-১৪ দিন)
- **COVID-19** সংক্রমণের লক্ষণসমূহ
    ১. জ্বর
    ২. কাশি, গলা ব্যথা
    ৩. মাথা ব্যথা, মাংসপেশীতে ব্যথা অথবা ম্যাজ ম্যাজ ভাব
    ৪. শ্বাসকষ্ট
    ৫. নিউমোনিয়ার লক্ষণসমূহ

সন্দেহ আছে এমন রোগী যাচাই-বাছাই করার লক্ষ্যসমূহ

- রোগ ছড়ানোর ঝুঁকি কমানোর জন্য যাদের **COVID-19** আক্রান্ত বলে সন্দেহ করা হচ্ছে তাদের থেকে এ ভাইরাসে আক্রান্ত হয়নি এমন মানুষদের আলাদা করা
- যাদের **COVID-19** আক্রান্ত বলে সন্দেহ করা হচ্ছে তাদের দ্রুত চিকিৎসার ব্যবস্থা করা, যেন তাদের সুস্থ হবার সুযোগটা বেড়ে যায়
- যে সব রোগী অসুস্থ, কিন্তু **COVID-19** দ্বারা আক্রান্ত হয়নি তাদেরেকে প্রয়োজনীয় নির্দেশ/ঔষধ দিয়ে বাড়ী পাঠানো, অথবা চিকিৎসার জন্য অন্য হাসপাতালে পাঠানো। এটা করা হলে যে সব হাসপাতালে **COVID-19** রোগীদের চিকিৎসা হচ্ছে সেখানে রোগ সংক্রমণের আশংকা কমে যাবে

রোগী যাচাই-বাছাই এলাকা

- এ ধরণের সকল রোগীকে যাচাই-বাছাইয়ের জন্য অবশ্যই একটি নির্দিষ্ট স্থান হয়ে (রোগী যাচাই-বাছাই এলাকা) প্রবেশ করতে হবে
- সব রোগী যেন খুঁজে পায় এ জন্য রোগী যাচাই-বাছাই এলাকা দেখিয়ে দেবার জন্য পরিষ্কার চিহ্ন থাকতে হবে
- বাচ্চা/শিশুদেরকে অবশ্যই বড় মানুষদের সাথে রাখতে হবে

COVID-19 সম্ভাব্য আক্রান্ত রোগীদের দ্রুত সনাক্ত করণ

- মারাত্মক তীব্র শ্বাসতন্ত্রের সংক্রমণের (Severe Acute Respiratory Infection - SARI) রোগীদের মধ্যে নোভেল করোনা ভাইরাসে আক্রান্ত সন্দেহ করা হচ্ছে এমন রোগীদের সনাক্ত করা ও আলাদা করা
    - ✓ রোগীর সংজ্ঞা *(রোগতত্ত্ব, সুপ্তিকাল, রোগের উপসর্গ)

DRAFT

- ✓ হাসপাতালের আউটডোর/জরুরী বিভাগে আসা তীব্র শ্বাসতন্ত্রের সংক্রমণের (Severe Acute Respiratory Infection - SARI) উপসর্গসহ রোগীদের সনাক্ত করা ও আলাদা করা
- ✓ বিশেষ অবস্থায় (ভ্রমণ, জীবাণুর সংস্পর্শ) মারাত্মক তীব্র শ্বাসতন্ত্রের সংক্রমণের সম্ভাব্য কারণ হিসেবে **COVID-19** সম্ভাব্য রোগী হিসেবে বিবেচনা করা
- ✓ রোগী যাচাই-বাছাই করে রোগের তীব্রতা অনুযায়ী জরুরী চিকিৎসা শুরু করা

* **COVID-19** মারাত্মক তীব্র শ্বাসতন্ত্রের সংক্রমণঃ গত ১৪ দিনের মধ্যে মারাত্মক তীব্র শ্বাসতন্ত্রের সংক্রমণের সাথে জ্বর অথবা তাপমাত্রা ≥ ৩৮° সে ও কাশি, এবং হাসপাতালে ভর্তি হওয়ার দরকার এমন কেউ

COVID-19 আক্রান্ত সন্দেহকৃত রোগীদের দ্রুত সনাক্ত করা

- যে কোন মাত্রার শ্বাসতন্ত্রের তীব্র অসুস্থতাসহ যেকোন ব্যক্তি যিনি অসুস্থ হবার ১৪ দিনের মধ্যে নিম্লোক্ত যেকেনা ধরণের সংস্পর্শে এসেছেন ঃ
  - একজন লক্ষণযুক্ত নিশ্চিত **COVID-19** রোগীর সাথে সরাসরি সংস্পর্শে আসা

    অথবা
  - এমন কোন হাসপাতালে যাওয়া যেখানে **COVID-19** সংক্রমণ ঘটেছে

সন্দেহজনক ও নিশ্চিত COVID-19 রোগীদের সংক্রমণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ

রোগী যাচাই-বাছাই পর্বে

- সন্দেহজনক রোগীকে সার্জিকাল মাস্ক দিন এবং রোগীকে আগে থেকে নির্দিষ্ট করা আলাদা করা জায়গাতে পাঠিয়ে দিন, যদি আইসোলেশন কক্ষ থাকে তাহলে সেখানে পাঠিয়ে দিন
- সন্দেজনক রোগীকে অন্যান্য রোগীদের কাছ থেকে অন্ততঃ এক মিটার দূরে রাখুন
- হাসপাতালের সকল রোগীকে হাঁচি-কাশির সময় টিস্যু কাগজ বা কনুইয়ের ভেতরের ভাঁজ দিয়ে নাক-মুখ ঢেকে রাখতে নির্দেশনা দিন
- হাঁচি-কাশির অথবা থুতুর সংস্পর্শে আসলে ভালোভাবে সাবান পানি দিয়ে হাত পরিস্কার করে ফেলুন
- রোগীর এক মিটারের মধ্যে গিয়ে কাজ করতে হলে সার্জিকাল মাস্ক ব্যবহার করুন। হাঁচি-কাশির ফোঁটা থেকে সাবধানতা অবলম্বন করলে হাঁচি-কাশির ফোঁটা দ্বারা শ্বাসতন্ত্রের ভাইরাস ছড়ানো প্রতিরোধ করা যাবে

কারা সন্দেহজনক ২০১৯-nCoV রোগী?

যে সব রোগী গত দু সপ্তাহের মধ্যে চীন ভ্রমণ করেছেন এবং নিম্নলিখিত লক্ষণগুলো দেখা গেছে

দৃশ্যকল্প	পদক্ষেপ- হাসপাতালে পৃথকীকরণ অথবা বাড়ী পাঠিয়ে দেয়া	মন্তব্য
জ্বর ≥ ৩৮° সে. এবং ২০১৯-nCoV রোগীর সংস্পর্শে এসেছে	সন্দেহজনক ২০১৯- nCoV রোগী হিসেবে বিবেচনা করুন এবং হাসপাতালে ভর্তি করা প্রয়োজন কি না তা মূল্যায়ন করুন, হাসপাতালে অথবা বাড়ীতে আইসোলেশনে থাকার নির্দেশ দিন	আইইডিসিআর ২০১৯- nCoV নিয়ন্ত্রণ কক্ষে জানান • বাড়ীতে রোগীকে মাস্ক ব্যবহারের জন্য বলুন • বাড়ীতে রোগীকে পৃথক করে রাখুন, ২ সপ্তাহ
জ্বর ≥ ৩৮°সে. এবং উপরোল্লিখিত লক্ষণগুলোর দু'টি বা বেশী পাওয়া	সন্দেহজনক ২০১৯- nCoV রোগী হিসেবে বিবেচনা করুন এবং	আইইডিসিআর ২০১৯- nCoV নিয়ন্ত্রণ কক্ষে জানান

DRAFT

দৃশ্যকল্প	পদক্ষেপ- হাসপাতালে পৃথকীকরণ অথবা বাড়ী পাঠিয়ে দেয়া	মন্তব্য
গেছে, তার সাথে গত দু সপ্তাহের মধ্যে চীন ভ্রমণের ঘটনা আছে	হাসপাতালে আইসোলেশনে ব্যবস্থায় ভর্তি করুন	
জ্বর নেই, কিন্তু আগে জ্বর ছিল, দুটি বা তার বেশী লক্ষণ ছিল এবং ২০১৯-nCoV রোগীর সংস্পর্শে এসেছে	সন্দেহজনক ২০১৯- nCoV রোগী হিসেবে বিবেচনা করুন এবং হাসপাতালে আইসোলেশনে ব্যবস্থায় রাখুন	আইইডিসিআর ২০১৯- nCoV নিয়ন্ত্রণ কক্ষে জানান
জ্বর ≥ ৩৮°সে. এবং অন্য কোন লক্ষণ নেই এবং ২০১৯-nCoV রোগীর সংস্পর্শের ঘটনা নেই, কিন্তু দু সপ্তাহের মধ্যে চীন ভ্রমণের ঘটনা আছে	● প্যারাসিটামল (ব্যথা ও জ্বর কমাতে) এবং প্রয়োজনিয় ঔষধ দিন ● বাড়ী পাঠান ও ৪৮ ঘন্টা পর্যবেক্ষণ করুন ● যদি ৪৮ ঘন্টাতেও জ্বর না কমে তবে হাসপাতালে ফিরে আসতে বলুন	● ৪৮ ঘন্টা পর শরীর আবার পরীক্ষা করুন ● বাড়ীতে মাস্ক ব্যবহারের জন্য বলুন ● বাড়ীতে রোগীকে পৃথক করে রাখুন, ২ সপ্তাহ
জ্বর নেই এবং অন্য কোন লক্ষণ নেই, কিন্তু ২০১৯-nCoV রোগীর সংস্পর্শে আসার ঘটনা আছে	● বাড়ী পাঠিয়ে দিন ● কিভাবে নিয়মিত জ্বর মাপবেন সেটার পরামর্শ দিন ● যদি আবার জ্বর আসে তাহলে আবার হাসপাতালে ফিরে আমার পরামর্শ দিন	● ৪৮ ঘন্টা পর আবার শরীর পরীক্ষা করুন ● বাড়ীতে মাস্ক ব্যবহারের জন্য বলুন ● বাড়ীতে রোগীকে পৃথক করে রাখুন, ২ সপ্তাহ
জ্বর ৪৮ ঘন্টার বেশী, অন্য কোন লক্ষণ নেই, ২০১৯-nCoV রোগীর সংস্পর্শে আসার ঘটনা নেই	● মূল্যায়ন করুন ● লক্ষণগুলোর যথাযথ চিকিৎসা দিন	● প্রয়োজনীয় চিকিৎসা ব্যবস্থা সম্পন্ন স্বাস্থ্য কেন্দ্রে পাঠিয়ে দিন
জ্বর নেই, ২০১৯-nCoV রোগের লক্ষণ নেই, কিন্তু চীনে ২ সপ্তাহের মধ্যে ভ্রমণের ঘটনা আছে	● মূল্যায়ন করুন ● লক্ষণগুলোর যথাযথ চিকিৎসা, যদি থাকে	● ৪৮ ঘন্টা পর শরীর আবার পরীক্ষা করুন ● মাস্ক ব্যবহার করুন ● বাড়ীতে রোগীকে পৃথক করে রাখুন, ২ সপ্তাহ

- ব্যথা ও জ্বরের লক্ষণের চিকিৎসার মধ্যে প্যারাসিটামল অন্তর্ভুক্ত

DRAFT

রোগী যাচাই-বাছাই করে সিদ্ধান্ত নেবার ছক

(গত ২ সপ্তাহে চীনে ভ্রমণের ইতিহাস)

সন্দেহ করা যায় এমন ২০১৯- nCoV রোগীদের ব্যবস্থাপনা

DRAFT

1. শুধু জ্বর + রোগীর সংস্পর্শে আসা* + → সন্দেহজনক রোগী হাসপাতালে ভর্তি করা হবে কিনা বা বাড়ীতে পৃথক হয়ে থাকবে কি না তা মূল্যায়ন করা
2. জ্বর + অন্য লক্ষণ+ → সন্দেহজনক রোগী - হাসপাতালে ভর্তি ও পৃথক করে রাখা
3. রোগীর সংস্পর্শে আসা * + জ্বর নেই কিন্তু অন্য লক্ষণ আছে + → সন্দেহজনক রোগী - হাসপাতালে ভর্তি ও পৃথক করে রাখা
4. শুধু জ্বর, অন্য লক্ষণ নেই অথবা রোগীর সংস্পর্শে আসে নি, চীন ভ্রমণের ঘটনা নেই → সন্দেহজনক রোগী নয় - বাড়ী পাঠান এবং নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করুন
5. শুধু রোগীর সংস্পর্শে এসেছে, কোন জ্বর নেই অথবা অন্য কোন লক্ষণ নেই → সন্দেহজনক রোগী নয় - বাড়ী পাঠান এবং ৪৮ ঘন্টা পর স্বাস্থ্য পরীক্ষা করুন
   মাস্ক ব্যবহার করার জন্যে বলুন
   - বাড়ীতে রোগীকে পৃথক করে রাখুন
6. শুধু চীন ভ্রমণের ঘটনা আছে, জ্বর নেই, কোন রোগীর সংস্পর্শে আসে নি, অন্য লক্ষণ নেই → সন্দেহজনক রোগী নয় - বাড়ী পাঠান এবং ৪৮ ঘন্টা পর্যন্ত নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করুন
   - বাড়ীতে রোগীকে পৃথক করে রাখুন

* ২০১৯- nCoV রোগীদের সংস্পর্শে আসা

- গত ২ সপ্তাহে ব্যক্তিটি ২০১৯- nCoV রোগীর সেবা করেছেন

- ক্লিনিক্যাল বৈশিষ্ট্য/ লক্ষণসমূহ
  ১. জ্বর ≥ ৩৮০সে.
  ২. কাশি, গলা ব্যথা
  ৩. মাথা ব্যথা, মাংসপেশীতে ব্যথা অথবা শরীর ম্যাজ ম্যাজ করা